The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 832 | 23 August 2024 | শুক্রবার ৮ ভাদ্র ১৪৩১



Jennifer Lopez has filed for divorce from Ben Affleck
>> Page 24

13 International Organizations Asks UN to step up on Bangladesh
>> Page 25



ICC moves Women's T20 World Cup from Bangladesh to UAE
>> Page 24

Biden tells America 'I gave my best to you'
>> Page 25



# ভয়াবহ বন্যায় বিপর্যস্ত বাংলাদেশ

আজকাল রিপোর্ট

* পানির নিচে ১০ জেলা
* ঝুঁকিতে ৩৬ লাখ মানুষ
* নিহত কমপক্ষে আট
* দুর্গত এলাকায় ফ্রি ইন্টারনেট

টানা প্রবল বর্ষণ ও ভারত থেকে আসা ঢলে সৃষ্ট আকস্মিক ও ভয়াবহ বন্যায় বিপর্যস্ত বাংলাদশের দক্ষিণ-পূর্বাঞ্চল। কয়েকফুট পানির নিচে তলিয়ে গেছে কমপক্ষে ১০ জেলার অধিকাংশ এলাকা। পানিবন্দী হয়ে পড়েছেন ও ক্ষতির মুখে পড়েছেন কমপক্ষে ৩৬ লাখ মানুষ। স্বাভাবিক যোগাযোগ বিচ্ছিন্ন। উদ্ধার কাজে সেনা মোতায়েন করা হলেও ভারি বৃষ্টি ও প্রবল স্রোতে উদ্ধার কাজও বাধাগ্রস্ত হচ্ছে। এসব এলকায় পানিতে ডুবে ও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে কমপক্ষে আটজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। জানা গেছে, গত বুধবার থেকে আট জেলায় বন্যা দেখা দিলেও বৃহস্পতিবার তা আরও চার জেলাসহ মোট ১২ জেলা বন্যাকবলিত হয়ে পড়ে। জেলাগুলো হলো ফেনী, কুমিল্লা, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি, কক্সবাজার, লক্ষ্মীপুর, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ।

**৩৬ লাখ মানুষ বন্যাকবলিত :** দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় জানিয়েছে, আর প্রায় ৩৬ লাখ মানুষ বন্যাকবলিত।

এরপর ৩৯ পৃষ্ঠায়





## মেরিল্যান্ডে ৩৮তম ফোবানার পর্দা উঠছে ৩০ আগষ্ট



আজকাল রিপোর্ট

৩৮তম ফোবানার পর্দা উঠতে যাচ্ছে আগামী শুক্রবার মেরিল্যান্ডে। বর্ণাঢ্য এই সম্মেলন চলবে ৩০ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত। এই তিনদিন উৎসবে মুখরিত থাকবে মেরিল্যান্ডের হোটেল হিলটন গ্যাটিসবার্গ। এখানেই অনুষ্ঠিত হবে ফোবানার ৩৮ তম মিলনমেলা। এই তিন দিনে হাজারো বাংলাদেশির পদধ্বনিতে মুখরিত হয়ে উঠবে হোটেল এলাকা।

এরপর ৩৭ পৃষ্ঠায়

## হত্যা মামলায় গ্রেফতার রাশেদ খান মেনন



আজকাল রিপোর্ট

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননকে গ্রেফতার করেছে পুলিশ। ২২ আগষ্ট বৃহস্পতিবার তাঁকে বাসা থেকে আটক করা হয়েছে বলে জানিয়েছেন ওয়ার্কার্স পার্টির

এরপর ৪৫ পৃষ্ঠায়

### প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করেছেন প্রণব ভার্মা

## ভারতের সৃষ্ট বন্যায় তীব্র ক্ষোভ বাংলাদেশে

মাসুদ করিম, *ঢাকা থেকে*

ভারতের একটি বাঁধ ভেঙ্গে প্রবল বন্যা দেখা দেয়ায় বাংলাদেশে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে অর্ন্তবর্তী সরকারের একাধিক উপদেষ্টা অসন্তোষ প্রকাশ করেছেন। বাংলাদেশের বিভিন্ন স্থানে ভারতবিরোধী বিক্ষোভ হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ্যে ভারতের সমালোচনা হচ্ছে। ভারত বিরোধী ঢেউ এতটাই প্রবল আকার ধারণ করেছে যে, ঢাকায় ভারতীয় হাইকমিশনার প্রণব ভার্মা বৃহস্পতিবার অর্ন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশে ভারতীয় স্থাপনাসমূহের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। ছাত্র-জনতার অভ্যুত্থানে

এরপর ৩৯ পৃষ্ঠায়

## শেখ হাসিনার বিরুদ্ধে ৩৩ মামলা



আজকাল রিপোর্ট

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর দেশত্যাগ করেছেন শেখ হাসিনা। গঠন হয় অন্তর্বর্তী সরকার। এর পর থেকেই একের পর এক মামলা হতে শুরু করে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার

এরপর ৩৮ পৃষ্ঠায়

### হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন

## বাংলাদেশের জনগণ কী চায় তা দিল্লির বোঝা উচিত


আজকাল ডেস্ক

ছাত্র-নেতৃত্বাধীন বিদ্রোহে শেখ হাসিনা সরকারের পতনের পর প্রতিবেশী দেশের জনগণের ইচ্ছাকে গুরুত্ব দিয়ে এবং কোনো ব্যক্তি, দল বা নেতার ওপর ভিত্তি না করে ভারতের উচিত বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে পুনরায় দৃঢ়

এরপর ৩৭ পৃষ্ঠায়

### ইন্ডিয়ান এক্সপ্রেসকে আওয়ামী লীগ নেতারা

## হাসিনাকে ডুবিয়েছে গ্যাং অব ফোর



আজকাল ডেস্ক

ভারতের প্রভাবশালী পত্রিকা দ্যা ইন্ডিয়ান এক্সপ্রেস। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ নিয়ে বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছে পত্রিকাটি। এতে শেখ হাসিনার পদত্যাগের প্রেক্ষাপট তুলে ধরা হয়েছে। এতে বলা হয়েছে,আওয়ামী লীগ সভাণ্ত্রী কার্যত ৪ জনের হাতে বন্দী ছিলেন। নিজ ছেলে জয় সহ আরও ৩ আওয়ামীগের নেতা তাকে প্রভাবিত করতেন । রিপোর্টটিতে তাদেরকে গ্যাং অব ফোর বলা আখ্যায়িত করা হয়েছে। আজকালের পাঠকদের জন্য রিপোর্টটি তুলে ধরা হলো। 'আমি আপনার সঙ্গে দেখা করতে পারব না'; 'আমি আত্মগোপনে আছি, ফোনে কথা বলতে পারি'; 'নিরাপদ কোনো স্থানে আমি আপনার সঙ্গে দেখা করার চেষ্টা করব'; 'আপনার গতিবিধি নজরদারি করা হবে, তাই আমি আপনার সঙ্গে দেখা করতে পারব কি না, জানি

এরপর ৩৯ পৃষ্ঠায়

### চারদিনব্যাপী ডেমোক্র্যাট কনভেনশন সমাপ্ত

## কমলা হ্যারিস প্রেসিডেন্ট পদে দলীয় প্রার্থী



আজকাল রিপোর্ট

কমলা হ্যারিস প্রেসিডেন্ট পদে ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসাবে আনুষ্ঠানিক মনোনয়ন লাভ করেছেন। শিকাগোতে অনুষ্ঠিত চারদিনব্যাপী ডেমোক্র্যাটিক ন্যাশনাল কনভেনশনের শেষ দিনে গতকাল বৃহস্পতিবার রাতে তিনি পার্টির এই মনোনয়ন

এরপর ৩৯ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
RAJIB AHMED, President & CEO
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | AUTHORIZED IRS e-file PROVIDER
পেরোল | বিজনেস সেটআপ | ENROLLED AGENT
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার

আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**



- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

**718-734-8777**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgraw Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave
Bronx, NY 10457

**Brooklyn**

219 Church Ave
Brooklyn, NY 11218

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1122 Coney Island Ave
Suite 220 (2nd Fl.)
Brooklyn, NY 11230

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

6910 5th Ave (2nd Fl.)
Brooklyn NY 11209

1061 Flatbush Ave
Brooklyn NY 11226

**Hicksville**

217 Bethpage Road
Hicksville, NY 11801

**Binghamton**

61 Washington Ave
Endicott, NY 13760

**Queens**

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights, NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

**Rochester**

504 W Main St
Rochester, NY 14608

**Manhattan**

1791 Lexington Ave
New York, NY 10029

1267 St Nicholas Ave
New York, NY 10033

**Buffalo**

1049 Broadway St. Suite # 4
Buffalo, NY 14212

96 Grant St.
Buffalo. NY 14213


* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমুহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**


718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# ক্ষমতার অংশীদার এবার বিএনপি-জামায়াতের সাথে হেফাজতও

> যদিও গত তিন মেয়াদে আওয়ামী লীগ ক্ষমতায় ছিল। অবস্থদৃষ্টে মনে হচ্ছে, এবার আবার বিএনপি-জামায়াত ক্ষমতায় আসছে। বলা চলে ক্ষমতাতেই তারা আছে, যদিও অন্তর্বর্তীকালীন সরকার নামে একটি সরকার কাজ করছে। বিএনপি-জামাতের অতীত ইতিহাস বিবেচনায় নিলে তাদের ওপর আস্থা রাখার কারণ দেখি না। জনগণের প্রত্যাশার পরিপূরক মনে করার বা বিশ্বাস করার অবস্থানও তৈরি হয়নি। যুদ্ধাপরাধী জামায়াত ও বিএনপি একে অপরের পরিপূরক। তার চেয়ে বড় কথা, যখন আওয়ামী লীগের বিপরীতে বিএনপির কথা ভাবা হয়, তখন সামনে ভেসে ওঠে হাওয়া ভবনের স্বেচ্ছাচারিতা, দুর্নীতি, ১০ ট্রাক অস্ত্র, ২১শে আগস্টের গ্রেনেড হামলা, খুন-হত্যা-সন্ত্রাস ইত্যাদি ঘটনা। এ পরিস্থিতিতে জনগণ চরম কিংকর্তব্যবিমূঢ়

সুব্রত বিশ্বাস



শেখ হাসিনা সরকারের সীমাহীন দুর্নীতি, অগণতান্ত্রিক পথ চলা, বাকস্বাধীনতাহীনতা, বিরোধী রাজনৈতিক দলকে স্পেস না দেওয়া সহ অসংখ্য অভিযোগে আন্দোলনের মুখে দেশ ছাড়তে হয়েছে শেখ হাসিনাকে। ব্যাপারটা অনেকটা অবধারিত বা প্রত্যাশিত ছিল বললে অত্যুক্তি হবে না। অনেকের আশঙ্কা ছিল শেখ হাসিনা সরকারের পতন হলে বিকল্পের প্রশ্ন নিয়ে। তাঁর বিকল্প নেই এমন প্রশ্নের জন্ম নিয়েছিল মূলত মুক্তিযুদ্ধের শক্তির অনুপস্থিতি বা দুর্বলতার কারণ থেকে। বিকল্পের প্রশ্ন এসেছিল কারণ, শেখ হাসিনা ও আওয়ামী লীগ মুক্তিযুদ্ধের নেতৃত্বদানকারী সরকার হলেও মুক্তিযুদ্ধের আদর্শ ও পথ থেকে তারা সরে গিয়েছিল। তাই আশঙ্কাই কেবল নয়, চরম সম্ভাবনা ছিল বিএনপি-জামায়াত সহ স্বাধীনতা বিরোধী গোষ্ঠী বা শক্তির অবধারিত ক্ষমতায়ন।

তাই অনেকেই মনে করেছিলেন, পরিবর্তনটা কিছুটা হলেও নিয়মতান্ত্রিক পথে শান্তিপূর্ণভাবে ঘটুক। কিন্তু আশঙ্কাই সত্যি হলো। চরম প্রলয় ঝড় ধেয়ে আসার আভাস সত্ত্বেও শেখ হাসিনার ক্ষমতাপ্রীতি, দাম্ভিকতা ও ইগো মুক্তিযুদ্ধের শক্তি ও চেতনার ওপর পরাজিত শক্তির তান্ডব উৎসবকে ত্বরান্বিত করে তুললো। ১৫ই আগস্ট বঙ্গবন্ধু হত্যাকান্ডের পর তান্ডব হয়েছে, প্রত্যেকটি তান্ডবেই বিদেশি শক্তির চক্রান্ত ও হস্তক্ষেপ ছিল, এবারও ছিল। তবে আগে সময়ে সময়ে তান্ডব হয়েছে, কারণ মৌলবাদী ও স্বাধীনতার পরাজিত শক্তি আজকের ন্যায় সংগঠিত ও শক্তিশালী ছিল না। অন্যদিকে স্বাধীনতার পক্ষের শক্তিও বহুলাংশে শক্তিশালী ছিল। সে কারণে ১৫ আগস্ট বঙ্গবন্ধু হত্যার পর আজকের ন্যায় তান্ডব করা সম্ভব হয়নি। এমনকি ২০১৩ সালে হেফাজতের সমাবেশেও তাই দেখা গেছে। কিন্তু এবার অত্যন্ত পরিকল্পিত ও সংগঠিত তান্ডব হয়েছে যার রেশ এখনও চলমান রয়েছে। আগেও ব্যক্তি ও চেতনার ওপর আঘাত এসেছে, কিন্তু এবারের তান্ডব বহুমাত্রিক।

বহুমাত্রিক এ কারণে, মৌলবাদী শক্তি বিশেষ করে স্বাধীনতা বিরোধী জামায়াতের আক্রমণ ও তান্ডব বরাবরই বিচ্ছিন্নমুখী ও বহুমাত্রিক। জিয়ার নেতৃত্ব বিএনপি জামায়াতকে পুঁজি করেই গঠিত। ফলে তাদের চারিত্রিক বৈশিষ্ট্যও একই। সরকার পরিবর্তনে রাজনৈতিক প্রতিপক্ষের ওপর কম বেশি প্রতিশোধস্পৃহা চরিতার্থের ঘটনা নতুন নয়। তারপরও এর একটি পরিমাপ পরিসীমা থাকে, থাকতে দেখা যায়। কিন্তু এবার সকল পরিমাপ পরিসীমা অতিক্রম করে গেছে। শুরুতেই আইনশৃঙ্খলা বাহিনীকে অকেজো ও নিষ্ক্রিয় করে দিতে থানাগুলোকে আক্রমণ করা হয়। পুলিশের ওপর নির্মম নৃশংস আক্রমণ ও হত্যার মাধ্যমে আতঙ্ক ছড়িয়ে দেওয়া হয়। ফলে যেখানেই থানায় আক্রমণ হয়েছে, প্রাণের ভয়ে পুলিশ পালিয়ে গেছে। এই সুযোগে লুট করা হয়েছে অস্ত্র, জ্বালিয়ে দেওয়া হয়েছে থানা, থানার রেকর্ডপত্র এবং তাদের যানবাহন। এভাবে প্রশাসন ও পুলিশকে অকেজো করে তান্ডব চালানো হয়েছে এবং এখনও হচ্ছে। বিজিবির ভূমিকাও তথৈবচ। সেনাবাহিনীর মধ্যে বেশির ভাগ জামায়াত ও পাকিস্তানপন্থী এই অভিযোগ আগে থেকেই। ফলে পার্লামেন্ট, গণভবন, বঙ্গবন্ধু যাদুঘর, বঙ্গবন্ধু হাসপাতাল অরক্ষিত রেখে তান্ডবের সুযোগ দেওয়া হয়।

সেনাবাহিনী প্রধানই বলেছেন, ২০টি সংখ্যালঘু গ্রামে ৩০টি আক্রমণ হয়েছে। সংখ্যালঘু ও বিধর্মীরা বরাবর জামায়াত-বিএনপির আক্রমণের প্রধান নিশানা হয়ে এসেছে। ফলে কথিত ছাত্র গণআন্দোলনের পেছনের কারিগর বিএনপি-জামায়াত শুরুতেই সংখ্যালঘু-আহমদিয়া সম্প্রদায়ের ওপর আক্রমণ শুরু করে। এখন চলছে স্কুল কলেজ ও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সংখ্যালঘু শিক্ষক এবং চাকুরীজীবীদের বাধ্যতামূলক পদত্যাগ বা বিতাড়নের মহোৎসব।

যারা অর্থাৎ যে বিএনপি-জামায়াতের মুখে আজ গণতন্ত্র ও সামাজিক নিরাপত্তার কথা তথা ভূতের মুখে রাম নাম শোনা যাচ্ছে, ২০০১ সালে পাঁচ বছরের ক্ষমতায় তাদের অমানবিক তান্ডব এখনও দেশের মানুষ ভুলে নাই। বাংলা ভাই তৈরি করে দেশব্যাপী সংখ্যালঘু হত্যা-ধর্ষণ-নির্যাতন-বিতাড়ন অবাধে চলেছে। তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেছেন, বাংলা ভাই বলতে কিছু নেই, এটা নাকি মিডিয়ার তৈরি। সাত বছরের সাথী অপ্রাপ্ত বয়স্কা পূর্ণিমা সহ ৭০ বছরের রাঙামাটির খ্রিস্টান বৃদ্ধা পর্যন্ত ধর্ষণের হাত থেকে রেহাই পায়নি। ভোলায় এক রাতে পাঁচশো সংখ্যালঘু নারী ধর্ষণের শিকার হয়। মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মুহুরিকে তার বৈঠকখানায় বসে ঠান্ডামাথায় খুন করা হয়েছে। বৌদ্ধ ভিক্ষুকে কেটে টুকরো টুকরো করা হয়েছে। চট্টগ্রামে শীল পরিবারের শিশু নববধূ ও বৃদ্ধা সহ ১১জনকে পুড়িয়ে মারা হয়। বাগেরহাট ঠাকুরবাড়িতে আক্রমণ করে গর্ভবতী মহিলাকে ধর্ষণ এবং স্বামীকে তার সামনেই কুপিয়ে খুন করা হয়। একই এলাকায় সন্ধ্যায় এক সংখ্যালঘু বাড়িতে বিএনপি ক্যাডাররা গিয়ে বলেছে, মাসিমা আজ রাতে আমরা আপনার বাড়িতে অতিথি হয়ে থাকতে এসেছি। তাদের আগমণে সমগ্র বাড়ির লোক ভয়ে আতঙ্কে তটস্থ হয়ে পড়ে। রাতে আবদার জানায় বারো তেরো বছরের নাবালিকা মেয়েকে তাদের হাতে তুলে দিতে। প্রাণের ভয়ে মা মেয়েকে এগিয়ে দিয়ে অসহায়ের মতো বলেছেন, বাবারা আমার মেয়েটির বয়স কম তোমরা একজন একজন করে এসো। এইটাই তো ছিল সেদিন এরপর ১৬ পৃষ্ঠায়




SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com


Federation of Bangladeshi Associations in North America
Fobana Convention
38th FOBANA CONVENTION
MARYLAND 2024
GOLDEN AGE
HOME CARE
PRESENTS
নৃত্যাঞ্জলী
ফোবানা কনভেনশন মেরিল্যান্ড
AUGUST 30TH, 31ST & 1ST SEPTEMBER 2024
VENUE: HOTEL HILTON GAITHERSBURG
620 Perry Parkway Gaithersburg, Md 20887
CONTACT FOR STALL AND SPONSOR:
Bablu : 929-393-4228 | Sarwar: 240-848-0111
Mamun : 202-527-5297
Shah Nawaz
Chairman
Fobana Stearing committee
Kazi Shakhawat Hossain Azam
Executive Secretary
Fobana Stearing committee
Jahangir Kabir Bablu
Convener
Kabirul Islam
Chief Advisor
Mohammad Sarwar Miah
Member Secretary
Media Partner:
asian tv
আজকাল
আনন্দ বিনোদন
Desi Events GO
HOST:
BANGLADESHI AMERICAN FOUNDATION INC.


সৃষ্টিকর্তা সর্বশক্তিমান
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক
JALALABAD ASSOCIATION OF AMERICA, INC.
মইনুল-আসাদ
পরিষদের সকলকে আন্তরিক
শুভেচ্ছা ও অভিনন্দন
মইনুল ইসলাম
সভাপতি
আতাউল গণি আসাদ
সাধারণ সম্পাদক
শাহ্ মিজানুর রহমান
সহ-সভাপতি
(সিলেট)
মোঃ মনির উদ্দিন
সহ-সভাপতি
(সুনামগঞ্জ)
মিজানুর রহমান চৌধুরী
সহ-সভাপতি
(হবিগঞ্জ)
মোঃ এ খায়ের
সহ-সভাপতি
(মৌলভীবাজার)
হেলিম উদ্দিন
সহ-সাধারণ সম্পাদক
ময়নু জামান চৌধুরী
কোষাধ্যক্ষ
আব্দুল চৌধুরী (উমেল)
সাংগঠনিক সম্পাদক
মোঃ শাহীনুল ইসলাম
সাদস্যিক সম্পাদক
মোঃ খলিলুর রহমান
প্রচার ও প্রকাশনা সম্পাদক
লায়েছ আহমেদ
দপ্তর সম্পাদক
কামরুল হোসেন
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
আব্দুর রহিম (কাদের)
ক্রীড়া সম্পাদক
অধ্যক্ষ সিহাব উদ্দিন আহমেদ
আইন ও আন্তর্জাতিক সম্পাদক
তাসমিয়া চৌধুরী
মহিলা বিষয়ক সম্পাদক
জয়নাল উদ্দিন লায়েক
সমাজ কল্যাণ সম্পাদক
মোঃ বেলাল চৌধুরী
কার্যকরী সদস্য (সিলেট)
বদরুল উদ্দিন
কার্যকরী সদস্য (সিলেট)
মোঃ শাহীন কামালী
কার্যকরী সদস্য (সুনামগঞ্জ)
সৈয়দ এল মিয়া
কার্যকরী সদস্য (সুনামগঞ্জ)
জামাল হোসেন
কার্যকরী সদস্য (হবিগঞ্জ)
দেওয়ান মোতাচ্ছির
কার্যকরী সদস্য (হবিগঞ্জ)
মোঃ মাসুক মিয়া
কার্যকরী সদস্য
(মৌলভীবাজার)
মোঃ নাসির উদ্দিন
কার্যকরী সদস্য
(মৌলভীবাজার)
প্রচারেঃ সর্বস্তরের জালালাবাদ বাসী

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA সদস্য | আমরা ARC সদস্য





পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে


পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES | American Airlines | Biman Bangladesh Airlines | Saudia | Kuwait Airways | Etihad Airways | Emirates | Qatar Airways

**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি


Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
**(কোন অগ্রিম ফি নেয়া হয় না)**
**Immigration**

(To Schedule Appointment Only)

## Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**
জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা


NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
NEW YORK
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# ELECTION COMMISSION 2024

## BANGLADESH SOCIETY INC.

## বাংলাদেশ সোসাইটি ইনক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547
info@electioncommissionbds.com • www.bangladeshsocietyinc.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

# নির্বাচনী ইশতেহার

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৫-২৬ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

## THE ELECTION SCHEDULE IS AS FOLLOWS:

| ACTIVITIES | DAY | DATE | TIME |
|---|---|---|---|
| Distribution of Nomination Form/Package | Sunday | Aug 25, 2024 | 5:00 pm to 9:00 pm |
| Submission of Nomination | Monday | Sep 02, 2024 | 5.00 pm to 9.00 pm |
| Scrutiny | Tuesday | Sep 03, 2024 | 4:00 pm to 8:00 pm |
| Primary List | Wednesday | Sep 04, 2024 | 5:00 pm to 7:00 pm |
| Appeal | Thursday | Sep 05, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Withdrawal of Nomination | Saturday | Sep 07, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Diclaration final list of the Candidates | Sunday | Sept 08, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Election | Sunday | Oct 27, 2024 | 9:00 am to 9:00 pm |

1. The Election for the Executive Committee of Bangladesh Society, Inc. will be held according to the rules and regulations set forth in the election by-laws and in the constitution of the society.
2. The Election Commission may terminate candidacy of the candidate(s) any time for violation of any rule/regulation set forth in the election by-laws and in the constitution.
3. The Election Commission will not be responsible legally or by any other means for any irregularities in the voter list, or any discrepancies in the constitution or its by-laws.
4. Members with any questions regarding the voter list should contact the Executive Committee of the Bangladesh Society, Inc.
5. Any discrepancies found in the voter list will have to be corrected by the Executive Committee of Bangladesh Society, Inc. on the basis of appropriate documentation. The executive committee must notify the Election Commission in writing about any correction by August 31, 2024; after that date no correction will be accepted by the Commission.
6. There are 19 posts for the Executive Committee of Bangladesh Society, Inc.

| POSTS | NUMBER OF POSTS |
|---|---|
| President | 1 |
| Senior Vice-President | 1 |
| Vice- President | 1 |
| General Secretary | 1 |
| Assistant General Secretary | 1 |

| POSTS | NUMBER OF POSTS |
|---|---|
| Treasurer | 1 |
| Organizing Secretary | 1 |
| Departmental Secretary | 6 |
| Executive Member | 6 |
| | |

7. **Nomination form must bear the original signature of the Election Commission** (Photo copies not acceptable). **Each nomination form must be submitted with the designated fee (non-refundable) and the candidates photo ID.** The following forms of identification will be accepted. Photocopy of drivers license, State ID, Green Card, Work Authorization Card or Passport. If the nomination form is submitted by an agent, the agent must submit an affidavit on proof of authenticity of the documents along a notarized copy of the document.
8. Each candidate must notary the affidavit section of the nomination form. Without notary, nomination form will stand void.
9. **Any incomplete form will stand as void and there will be no refund of fee for any void form.**
10. Non-refundable nomination fee payable to Election Commission BS must be paid by postal money order (preferable) or cash (in case of any emergency) only.
11. Mailing, notifications, declarations, dissemination & add in different media will be executed by the Commission.
12. **ELIGIBILITY by-laws of the Constitution.**
    a) To be eligible for election as an office bearer of the Executive Committee (EC), the candidate shall be a member in good standing for **two consecutive calendar years and at least 22 years of age.**
    b) To be eligible for election as President and General Secretary of the EC, the candidate shall be a member in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year. Notarized proof for membership in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year from any two current Officials, president, General Secretary or Treasurer of the Society must be submitted with the nomination papers.
    c) **President and General Secretary** shall be limited to **two consecutive terms** only.
    d) **President, General Secretary** and **Treasurer** shall not hold **same position** in any other organization for the period they shall serve in the Executive Committee of the Society. Notarized affidavit must be submitted with the nomination form.
    e) To be eligible to contest in the election for the post of **President, General Secretary** and **Treasurer**, the member shall be at least **legal resident** (Green Card Holder) of the United States of America. **Original document of residency status** and a **copy** must be produced to the Commission if nomination is submitted in person but if submitted by an agent, the agent must submit **affidavit** on proof of authenticity of the document and a notarized copy of this document with the nomination papers.
    f) To be eligible for election as an office bearer of the EC, the candidate must not have any criminal judgement, under the Criminal Court within last 7 years.
13. The Election commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

Interested candidates are advised to obtain the package containing election materials by paying $500.00 (non refundable) fee in cash from the office of the Election Commission on the schedule date and time.

**নির্বাচনের তারিখ: ২৭শে অক্টোবর, ২০২৪ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা) স্থান: পরে জানানো হবে**

**নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে**

## Election Commission 2024 / নির্বাচন কমিশন ২০২৪

| S.M. Jamal U. Ahamed (Jony) | Mohammed A. Hakim Miah | Mohammed Anwar Hussain | Mohammed A. Mannan | Mohammed Helal Uddin | Mehboobur Rahman (Badal) | Ahbab Chowdhury |
|---|---|---|---|---|---|---|
| *Chief Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* |
| 718-288-3838 | 347-332-3653 | 347-429-5932 | 646-752-5385 | 917-660-4668 | 347-993-6461 | 917-969-1991 |



# নিরাপত্তা ও শান্তি প্রতিষ্ঠায় ইসলাম

মাহমুদ আহমদ



ইসলাম শান্তিপ্রিয় ধর্ম এবং এর শিক্ষা অত্যন্ত উচ্চাঙ্গের। ইসলামের শিক্ষাগুলোর মধ্যে একটি গুরুত্বপূর্ণ শিক্ষা হলো সর্বাবস্থায় সমাজ ও দেশের শান্তি-শৃঙ্খলা বজায় রাখা। পবিত্র কুরআনে সূরা হিজরের ৮৮ নম্বর আয়াতে আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'আর তুমি সেসব জিনিসের প্রতি কখনো লোভাতুর দৃষ্টিতে তাকাবে না যা আমি তাদের বিভিন্ন শ্রেণিকে জীবনোপকরণ হিসাবে দান করেছি আর তাদের জন্য দুঃখ করো না। আর তুমি বিশ্বাসী মুমিনদের জন্য নিজের অনুগ্রহের বাহু প্রসারিত কর।' অন্যদের আল্লাহতায়ালা যেসব স্বাচ্ছন্দ্যের উপকরণ দান করেছেন সেগুলোর দিকে লোভাতুর দৃষ্টিতে তাকানো ইসলামে নিষেধ। এ নীতিগত শিক্ষা অবলম্বন করে মানুষ ব্যক্তিগত জীবনে সুখে-শান্তিতে থাকতে পারে। পরের ধনসম্পদ অন্যায় রূপে করায়ত্ত করার মানসিকতাকে একাধারে অনেক অশান্তির জন্ম দেয়।

আল্লাহতায়ালা কুরআনে করিমে বিশ্বনবি ও শ্রেষ্ঠনবি হজরত মুহাম্মাদ মোস্তফা (সা.)কে সম্বোধন করে ইরশাদ করেছেন 'ওয়া ইন্নাকা লাআলা খুলুকিন আজিম' অর্থাৎ-নিশ্চয় তুমি অতীব মহান চরিত্রের ওপরে অধিষ্ঠিত (সূরা কলম, আয়াত : ৪)। মহানবি (সা.) বিশ্ববাসীর নেতা ছিলেন, তথাপি তিনি নিজ স্বার্থে কোনো প্রতিশোধ নিতেন না বরং শত্রুদের সঙ্গে এবং বিধর্মীদের সঙ্গেও উত্তম ব্যবহার করেছেন। মহানবি (সা.) তার উম্মতকেও এ নির্দেশই দিয়েছেন তারাও যেন ধর্ম, বর্ণ, গোষ্ঠী নির্বিশেষে সবার সঙ্গে উত্তম আচরণ করে। মহানবি (সা.)-এর অতুলনীয় জীবনাদর্শ থেকে কয়েকটি দৃষ্টান্ত তুলে ধরার চেষ্টা করব যাতে আমরা সহজেই বুঝতে পারি ভিন্ন ধর্মাবলম্বীদের সঙ্গে তার ব্যবহার কেমন ছিল।

হজরত আবুবকর (রা.)-এর কন্যা আসমা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, 'মহানবি (সা.)-এর যুগে আমার অমুসলিম মা আমার কাছে এলেন। আমি মহানবি (সা.) কে জিজ্ঞেস করলাম-আমি কি তার সঙ্গে ভালো ব্যবহার করব? তিনি (সা.) বললেন, হ্যাঁ' (সহিহ বুখারি)। হজরত আনাস ইবনে মালিক (রা.) থেকে বর্ণিত, 'একদা এক বেদুইন মসজিদে প্রস্রাব করল। লোকেরা উঠে (তাকে মারার জন্য) তার দিকে গেল। মহানবি (সা.) বললেন, তার প্রস্রাব বন্ধ করো না। তারপর তিনি (সা.) এক বালতি পানি আনলেন এবং পানি প্রস্রাবের ওপর ঢেলে দেওয়া হলো' (সহি বুখারি, কিতাবুল আদব)।

মহানবি (সা.)-এর আদর্শ এতটাই অতুলনীয় ছিল যে, তিনি ইহুদির লাশকেও সম্মান দেখিয়েছেন। হাদিসে উল্লেখ রয়েছে, একবার এক ইহুদির লাশ বিশ্বনবি (সা.)-এর সামনে দিয়ে নিয়ে যাওয়া হচ্ছিল আর এতে মহানবি (সা.) সেই লাশের সম্মানার্থে দাঁড়িয়ে ছিলেন ততক্ষণ পর্যন্ত যতক্ষণ না লাশটি তার সামনে থেকে চলে যায়। পাশ থেকে হজরত জাবের (রা.) বলেছিলেন, হে আল্লাহর রাসূল! এটি তো ইহুদির লাশ। এতে আল্লাহর রাসূল উত্তর দিয়েছিলেন, সে কি মানুষ ছিল না? (সহিহ বুখারি, হাদিস নং ১৩১১)। যে নবি এক ইহুদির লাশকে সম্মান জানানোর জন্য তার সাথিদের নিয়ে দাঁড়িয়ে থাকেন সেই নবির উম্মতের পক্ষে কীভাবে সম্ভব অন্যায়-অত্যাচার করা?

হজরত সুফিয়ান ইবনে সালিম (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, মহানবি (সা.) বলেছেন, 'মনে রেখ এরপর ২৬ পৃষ্ঠায়




# লোভের কারণে দ্বীন ও ইমান ধ্বংস হয়

মাসুম আলভী

আমাদের ভেতরে অসীম এক গুহা আছে, সর্বগ্রাসী লোভ। যা প্রশান্ত মহাসাগরের মারিয়ানা ট্রেঞ্চের চেয়েও সুবিশাল। সব কিছু গোগ্রাসে গিলতে থাকে। লোভ মানুষের অন্তরের মারাত্মক ব্যাধি। অর্থবৃত্ত, যশ-খ্যাতি আর পদের লোভ মানুষের অন্তরের ইমানের রংকে ধূসর করে দেয়। দ্বীনের প্রদীপকে প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ের তাণ্ডবের মতো ছিন্নভিন্ন করে, অন্ধকারে ছেড়ে দেয় উদ্বাস্তুর মতো। রাসূল (সা.) বলেছেন, দুটি ক্ষুধার্ত নেকড়ে বাঘকে ছাগলপালের মধ্যে ছেড়ে দেওয়া অত বেশি ধ্বংসকর নয়, যত না বেশি মাল ও মর্যাদার লোভ মানুষের দ্বীনের জন্য ধ্বংসকর।' (তিরমিজি : ২৩৭৬)। কবি বলেন, 'সচ্ছলতা হারানোকে দরিদ্রতা ভেব না। বরং দ্বীন হারানোই হলো সবচেয়ে বড় দরিদ্রতা'।

সীমাহীন অর্থের লোভ মানুষের বিবেক-বুদ্ধি লোপ পায় এবং দুর্নীতি ও পাপের পথে পরিচালিত করে। প্রাচুর্যের লোভ মানুষকে বিপদের মধ্যে ফেলে। কথায় আছে, লোভে পাপ আর পাপে মৃত্যু। লোভের কারণে মানুষ ইহকাল ও পরকাল উভয় জগতে অপমানের মুখোমুখি হতে হয়। তার জ্বলন্ত দৃষ্টান্ত সৈয়দ আবেদ আলী, মতিউর রহমান, জাহাঙ্গীর আলম, ডা. সাবরীনা। কবি হুসাইন বিন আব্দুর রহমান বলেন, 'মাল তোমার কাছে জমা থাকে তার ওয়ারিশদের এরপর ২৮ পৃষ্ঠায়



# অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধে কুরআনের নির্দেশনা

ইবরাহীম আল খলীল

বর্তমানে আমাদের সমাজ ও জাতীয় জীবনে অপরাধ, সুদ-ঘুস ও দুর্নীতির অবস্থান কোথায় তা সহজেই অনুমেয়। কিন্তু আমরা যদি আজ থেকে চৌদ্দশ বছর আগের দিকে তাকাই তাহলে দেখব, মানুষ গড়ার কারিগর বিশ্বনবি হজরত মুহাম্মাদ (সা.) অপরাধ ও দুর্নীতিতে নিমজ্জিত একটি সমাজকে কীভাবে উদ্ধার করেছিলেন। অন্ধকার সমাজকে আলোয় রূপান্তর করেছিলেন।

তিনি এমন এক শিক্ষাব্যবস্থা চালু করেছিলেন, যা বিশেষভাবে লক্ষণীয়। সে শিক্ষাব্যবস্থার সিলেবাস ছিল আল-কুরআন ও আল-হাদিস। এ শিক্ষা গ্রহণ করে গড়ে উঠেছিলেন আবুবকর, উমর, এরপর ২৮ পৃষ্ঠায়

# তরুণদের প্রতি নবিজির আহ্বান

মুহাম্মদ আবদুল্লাহ আল মাসুম



তারুণ্য একটি অদম্য শক্তি। তারুণ্য কারও বাধা মানতে চায় না। আপন গতিতে সামনের দিকে এগিয়ে চলে। নদীর দুপাড়ে উঁচু বাঁধ না দিলে আষাঢ়-শ্রাবণ মাসে যেমন নদীর পানি দুকূল প্লাবিত করে ফসলের খেতসহ বসতবাড়ি ভাসিয়ে নিয়ে যায়, তেমনি তারুণ্যের চাঞ্চল্য সুপথে নিয়ন্ত্রণ না করলে যে কোনো মুহূর্তে বিপথগামী হতে বাধ্য। যখন যুবসমাজ চরিত্রবান ও সঠিক জ্ঞানের অধিকারী হবে তখন তারাই উম্মতের যাবতীয় দায়িত্ব গ্রহণ করবে, আল্লাহর দেওয়া দ্বীনের প্রচার-প্রসারে ঝাঁপিয়ে পড়বে এবং তারাই মানুষকে দ্বীনের প্রতি আহ্বান করবে। কারণ আল্লাহতায়ালা যুবকদের দৈহিক শক্তি, উদ্ভাবনী মেধা, চিন্তা ও গবেষণা করার যোগ্যতা বয়স্কদের তুলনায় অনেক বেশি দিয়েছেন। যদিও বয়স্কদের অভিজ্ঞতা, জ্ঞানের গভীরতা ও বুদ্ধিমত্তা যুবকদের চেয়ে অনেক বেশি অগ্রগামী, কিন্তু দৈহিকভাবে দুর্বল হওয়ায় এবং সাহসের অভাব এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — আগষ্ট-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৪ | ৪:৫৫ | ৬:১৬ | ১২:৫৮ | ৪:৪৩ | ৭:৪০ | ০৯:০১ |
| ২৫ | ৪:৫৬ | ৬:১৭ | ১২:৫৮ | ৪:৪২ | ৭:৩৮ | ০৮:৫৯ |
| ২৬ | ৪:৫৭ | ৬:১৮ | ১২:৫৮ | ৪:৪১ | ৭:৩৭ | ০৮:৫৭ |
| ২৭ | ৪:৫৯ | ৬:১৯ | ১২:৫৭ | ৪:৪১ | ৭:৩৫ | ০৮:৫৫ |
| ২৮ | ৫:০০ | ৬:২০ | ১২:৫৭ | ৪:৪০ | ৭:৩৪ | ০৮:৫৩ |
| ২৯ | ৫:০১ | ৬:২১ | ১২:৫৭ | ৪:৩৯ | ৭:৩২ | ০৮:৫২ |
| ৩০ | ৫:০২ | ৬:২২ | ১২:৫৬ | ৪:৩৮ | ৭:৩১ | ০৮:৫০ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



গল্প



# আরেক শরৎশশী



## মনিজা রহমান

মানুষ হানিমুন করতে পাহাড় কিংবা সমুদ্র দর্শনে যায়, আমরা গিয়েছিলাম কলকাতায়। এই হানিমুন দিয়ে আমার আক্ষরিক অর্থে বিদেশ সফর শুরু। কলকাতাকে অবশ্য সেই অর্থে বিদেশ বলা চলে না। আজন্ম কুয়োর ব্যাঙ আমি সেই কলকাতা দেখে যারপরনাই অভিভূত। এত বছর প্রিয় লেখকদের উপন্যাসে যে যব জায়গা আর রাস্তার নাম দেখেছি, সেই সব জায়গায় আমি হাঁটছি, ঘুরছি, কেনাকাটা করছি, মনে হচ্ছিল কোন উপন্যাসের পৃষ্ঠার মধ্যে বাস করছি। ধর্মতলা, পার্ক স্ট্রিট, পার্ক সার্কাস, শিয়ালদহ, গড়িয়া, গড়ের মাঠ সব যেন কত দিনের চেনা!

আমার স্বামী সাঈদের বন্ধুরা হানিমুনে আমাদের কলকাতা ভ্রমণ নিয়ে অনেক মজা নিয়েছিল। আজকাল ঢাকা থেকে থাইল্যান্ড-মালয়েশিয়া যাওয়া রীতিমতো ডালভাত। ভিসাও করতে হয় না। এয়ারপোর্টে ট্রানজিট ভিসা পাওয়া যায়। সেখানে আমরা কেন কলকাতা যাচ্ছি, সেটাই ছিল তাদের তির্যক জিজ্ঞাসা। আমার নতুন বিয়ে করা স্বামী মুখ ফুটে বলতে পারেনি যে, আমার কারণেই তার এই সিদ্ধান্ত। মনে মনে সে যে কিছুটা বিরক্ত সেটা বুঝতে পেরেছি। তবে কলকাতায় এসে আমার আনন্দে দিশেহারা আচরণ তাকে কিছুটা প্রভাবিত করেছে। হয়তো ভাবছে, এত অল্পতেই যে খুশি থাকে, তাকে আর এত টাকা খরচ করে থাইল্যান্ড-মালয়েশিয়া নেওয়ার কি দরকার! এমনিতে কদিন আগে বিয়ে উপলক্ষে তো কম টাকা যায়নি।

আসার আগে বন্ধু কাজল বলে দিয়েছিল, নন্দনে নাটক না দেখে আসবি না। কলকাতা যাওয়ার দুই দিনের মধ্যে নাটক দেখতে যাওয়ার সিদ্ধান্ত নিলাম। নির্ধারিত দিনে নাটক শুরুর ঘণ্টা দু-এক আগেই আমরা নন্দনে চলে গেলাম। সারা দিন ঘোরাঘুরি করে কিছু খাওয়া হয়নি। আমি নুডলস অর্ডার দিই। ওরা বলে চাওমিন। অসাধারণ স্বাদ। আমার গোগ্রাসে খাওয়া দেখে অনেকে ফিরে তাকায়। আমার স্বামী কিছুটা বিরক্ত স্ত্রীর আদিখ্যেতা দেখে। তবে নতুন তো, তাই কিছু বলছে না। নাটকও তার দেখার ইচ্ছা ছিল না। আমার তো শুনে আক্কেলগুড়ুম! সে নাকি জীবনে কখনো মঞ্চনাটক দেখেনি। এই প্রথম আমার কারণে দেখতে বাধ্য হচ্ছে।



নাটকের নাম দর্পণে শরৎশশী। সাঈদ খুব অনাগ্রহের সঙ্গে নাটকটা দেখা শুরু করল। সম্ভবত আজ সকালে 'বিবাহিত জীবনে সুখী হইবার উপায়' টাইপের কোন লেখা পড়েছে ও। তাই আমার কোন চাওয়াই অপূর্ণ রাখছে না। বেশিক্ষণ স্বামীকে নিয়ে মাথা ঘামাতে পারলাম না।

নাটকে ডুব দিলাম। নাটকের কাহিনিতে দেখা গেল, একটা যাত্রা দল গ্রামে এসেছে শো করতে। স্থানীয় জমিদার তাদের আমন্ত্রণ জানিয়েছে। ওই দলের এক মেয়ের নাম শরৎশশী। তখনকার সামাজিক অবস্থা অনুযায়ী যাত্রা দলের নারী সদস্যরা আবার দেহোপজীবিনিও। গৃহস্থ ঘরের মেয়ে শরৎশশী যাত্রা দলে আসার পেছনে নীলকরদের অত্যাচারের কথা উল্লেখ করে।

নাটকের এক অংশে এসে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা মেহেরপুরের আমঝুপির নীলকুঠির কথা বলে মেয়েটি। নাটকের নায়িকার মুখে আমঝুপি গ্রামের নাম শুনে সাংঘাতিক প্রতিক্রিয়া হয় আমার স্বামীর। সে তো পারলে রীতিমতো সিট থেকে দাঁড়িয়ে যায়। তারপর নাটক দেখতে প্রচণ্ড অনিচ্ছুক আমার স্বামীকে দেখি আমার চেয়েও মন্ত্রমুগ্ধ হয়ে নাটকটা দেখছে। এতটাই মুগ্ধ যে, নন্দন থেকে বের হওয়ার পরেও আমার স্বামী কিছু বলে না। বুঝি, সে এখন নাটকের ঘোরের মধ্যে আছে।

রুমে ঢুকে কাপড় না পাল্টেই আমি তাকে ধরি, কি ব্যাপার নাটক দেখে একদম স্তব্ধ হয়ে গেছ! মুখে কোন ভাষা নেই!



বিয়ের মাত্র এক সপ্তাহের মাথায় আমি বেশ স্বাভাবিক কথাবার্তায়, কিন্তু আমার স্বামী কিছুটা আড়ষ্ট এখনো। তার আড়ষ্টতা আরও বেড়ে গেল নাটকটি দেখার পরে। নাটক প্রসঙ্গে কোন কথা বলল না। পরের দিনের ঘোরার পরিকল্পনা করে ঘুমিয়ে পড়ল বেশি কিছু না বলে! হানিমুনে এসে স্বামীর এভাবে ঘুমিয়ে পড়ার বিষয়টা আমার জন্য অত্যন্ত অপমানজনক হলেও কিছু বললাম না!

বুঝতে চেষ্টা করতে লাগলাম, তার কি হতে পারে? মেহেরপুরের আমঝুপিতে তার জন্ম ও বেড়ে ওঠা। পরে কলেজে ভর্তি হওয়ার পরে কুষ্টিয়া চলে আসে। তারপর ঢাকায়। বাবা-মা গ্রামের বাড়িতে থাকায় শিকড়ের সঙ্গে এখনো সাঈদের সম্পর্ক অত্যন্ত নিবিড়।

পরদিন সকালে নিউমার্কেট এলাকায় খালেক নামে একটি রেস্টুরেন্টে খাওয়ার জন্য বের হই আমরা। বেলা তখন দশটা বেজে গেছে। চারদিকে গাড়ির হর্ণের শব্দ। টানা রিকশাওয়ালারা ব্যস্ত। কারও দিকে তাকানোর সময় নেই। ঢাকার মতো ফুটপাতে ফেরিওয়ালাদের ভিড়। তবে কলকাতা বলে অত খারাপ লাগছিল না। আমি দেখতে দেখতে এগোচ্ছি। কিছু বুটিক হাউসও আছে আশপাশে। একটার দরজায় দাঁড়িয়ে কাশ্মীরি শাল দেখছিলাম। এর মধ্যে আমার স্বামীকে হারিয়ে ফেললাম। তবে সেটা নিয়ে মাথা ঘামালাম না। খালেক রেস্টুরেন্টে গেলে তাকে পাব। সেখানে না পেলে ফোন তো আছেই।

'তোমার কি সমস্যা বলত, যেখানে যা চোখে পড়ে, সেটাই দেখতে থাকো?' হঠাৎ কানের কাছে শুনি একজন

এরপর ৪৪ পৃষ্ঠায়

# এ সপ্তাহের কবিতা





## কবি'র স্মরণে

### বেনজির শিকদার

শ্রদ্ধেয় শহীদ কাদরী,
বাংলা কবিতা থেকে, বাংলার নির্মল সোঁদামাটির গন্ধ; এমনকি এই পৃথিবী থেকে
যখন আপনি অনেক অনেক দূরে; ঠিক তখনই লিখছি আপনাকে!

মাঝে মাঝে নিজেকে বড়ো দুর্ভাগা মনে হয়।

মনে হয়-
এইতো, মাত্র কয়েক বছর আগেও
আপনি ছিলেন এই নিউইয়র্ক শহরে।
আমিও ছিলাম।
কিন্তু একটিবারও আপনার কাছাকাছি হতে পারিনি।
দেখা হয়নি আমাদের।
এই ব্যর্থতাপীড়ন আমায় আমৃত্যু জ্বালাবে!

উজ্জ্বল বিশ্ব নাগরিকতাবোধ,
নিবিড় স্বদেশিকতা, শব্দ-উপমা প্রয়োগে অভিনবত্ব
আপনার দিকে অসংখ্য মানুষকে টেনে নিয়ে যায়!
যার ফলপ্রসূ রূপ হচ্ছে,
সাহিত্য-সংস্কৃতি-সংশ্লিষ্ট কারও সাথে কখনও কথা হলে,
তাদের বলা দশটা কথার মধ্যে নয়টা জুড়েই থাকেন আপনি।

কেউ কেউ বলেন-
শহীদ কাদরী ছিলেন সমুদ্রের মতো!
বলেন, আপনি নাকি কাউকে দু'মিনিট দেখলেই
বুঝে যেতেন তার প্রকৃত মাপকাঠি!
অতঃপর নিজেকে তার জায়গায় বসিয়ে নিয়ে
কথা বলতেন তার সাথে।

ভাবুন তো... কী অসাধারণ ক্ষমতা হলে
তবেই না কেউ পারে এমনভাবে নিজেকে উপস্থাপন করতে!

বিশ্বাস করুন-
শুনে শুনে আমি হিংসেয় মরে যাই!

আপনি কি জানেন?
আমার একটা ভীষণ অসুখ আছে!
সুন্দরের প্রেমে পড়ার অসুখ!
আপনি নাকি ভীষণ সুন্দর করে কথা বলতেন!

আচ্ছা, ধরুন যদি আপনার প্রেমে পড়ে যেতাম!
প্রেমিকা হতাম!
তবে কি নীরা আপা ভীষণ রাগ করতেন?

না না
নীরা-রা-তো এমন হয় না!
নীরারা আর যাইহোক; ভালোবাসাকে কোনোভাবেই উপেক্ষা করতে পারে না!
সুনীলের নীরাও পারেনি,
তবে শহীদ কাদরীর নীরা কী করে তা পারতো?

হয়তো হেসে বলতো-
'নে মেয়ে, আয়! বোস এখানটায়!
আমার কাদরী তো এমনই!
তাকে সব্বাই ভালোবাসতে পারে!
সবার ভালোবাসা পাবার জন্যই যে তার জন্ম হয়েছে!'


কথাগুলো শুনে আমি পৃথিবীর পথ হাঁটতে বের হতাম। বুঝতে চাইতাম
গিলগামেশ কত বড়ো রাজা ছিলেন এবং কবি!
বুঝতে চাইতাম, রবীন্দ্রসৃষ্টি!
যাকে আপনি পড়তেন ধর্মগ্রন্থ বিবেচনায়!

চোখের পাতায় খেলে যেত শব্দপাতারা!
তা থেকে তৈরি করতাম অমিয় পাণ্ডুলিপি!

তেত্রিশে আছি!
কুড়ি কুড়ি বছর পর চুয়াশি কিংবা তারও কিছু আগে, দেখবেন
বকুলের সুবাস হয়ে ঠিক চলে আসবো আপনার ওখানে।

সবার থেকে ধার করে লিখে ফেলা কথাগুলো
পড়ে শোনাবো সেদিন।
ভয় নেই-
ক্লান্তি দূর করতে
গুনে গুনে কয়েক কার্টুন সিগারেটও নিয়ে আসবো সাথে!

হলফ করেই বলতে পারি,
সে-সময় ভালোবাসা বয়ে যাবে নিঃশ্বাসে-প্রশ্বাসে!
বিস্ময়ে বলে উঠবেন-
'এই মেয়ে...
তোমার বুকের ভেতর এতটা নদী বইলে কী করে?
কী করেই বা সুবিশাল জলমহালকে সামলালে অবলীলায়!'



রোমান্টিক বোহেমিয়ানের কথা শুনে-
বিস্ময়ে মগজের পরতে পরতে নাড়া দিয়ে
সুখগুলো সব বুকের কাছে জমা হবে।
কেননা, মানুষের দৃষ্টি আর মনই যে আসল মৌচাক!

অতঃপর আবারও জমবে আড্ডা!
ভীষণ আড্ডা!
আকাশ-বাতাস কাঁপিয়ে ঝড় ওঠা আড্ডা!

সে আড্ডায় থাকবে-
বাংলাদেশ!
বাংলাভাষা!
বাংলাসাহিত্যকে বুকে আগলে রাখা অজস্র মানুষ!

থাকবে-
'একটি কবিতা সন্ধ্যা'সহ
আপনার প্রিয় 'সাহিত্য একাডেমি নিউইয়র্ক'-এর বন্ধুরাও।

আপনার ভালোলাগার কোনো জায়গায় সমবেত হবো সবাই।
কন্ঠের সবটুকু মাধুর্য ঢেলে সমস্বরে গেয়ে উঠবো-
'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি!
চিরদিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে বাজায় বাঁশি'।

সে-পর্যন্ত আপনি ভালো থাকুন- ভালো থাকুন!

লেখক: কবি, নিউইয়র্ক।



# Biden tells America 'I gave my best to you'

Ajkal Desk

Awash in his party's love, President Joe Biden finally did become that bridge to a new generation of leaders. He movingly performed the most profound act a politician in a democracy can undertake — willingly handing over power — as he ceded the leadership of the party to Kamala Harris Monday at the Democratic National Convention. He capped a half-century long career, as a senator, a vice president and finally president, by citing a verse of a song called "American Anthem" that he said was important to his family.


"What shall our legacy be, what will our children say, let me know in my heart when my days are through, America, America, I gave my best to you," he said. In a valedictory speech in Chicago that stretched past midnight on the east coast, Biden, 81, also placed that legacy — and



what he sees as the fate of American democracy — in the hands of the woman he referred to as "vice president soon-to-be-president Kamala Harris."

"She's tough, she's experienced and she has enormous integrity," he said. "Her story represents the best American story," Biden said. "She'll be a president our children can look up to. She'll be a president respected by world leaders. ... She will be a president we can all be proud of. She will be a historic president who puts her stamp on America's future." Biden's gesture was especially poignant as he became the first sitting president to shelve a reelection race in more than five-and-a-half decades. He wanted deeply to win the second term that all presidents crave, but ultimately, under fierce pressure from colleagues he once considered loyalists, decided that his party and the country would be better off with someone younger. His self-sacrifice highlighted the exact opposite choice made by his predecessor, Donald Trump, who did everything he could to cling to power in defiance of voters' will in 2020 and is now running again for a term he's promised to dedicate to "retribution."

